তাগিদপত্র

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১২৮

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯
২৯ জুন ২০২২

বিষয়: **পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বৃক্ষরোপন সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন এবং বৃক্ষরোপন কার্যক্রমের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা দাখিল প্রসঙ্গে।**

সূত্র: ১) অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১০৯, তারিখঃ ০৯.০৬.২০২২খ্রিঃ।
২) পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন-১ শাখা এর স্মারক নং-৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.১৯৪, তারিখঃ ১৪.০৬.২০২২খ্রিঃ।
৩) অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩, তারিখঃ ১৪.০৬.২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্র স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয় হতে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অফিস প্রাঙ্গন, চলমান উন্নয়ন প্রকল্পসমূহ ছাড়াও স্ব-স্ব অধিক্ষেত্রের বাঁধ, পুনরুদ্ধারকৃত ভূমি ও অন্য ফাঁকা জায়গাগুলোতে চলমান বর্ষা মৌসুমে ২০.০০ লক্ষ বৃক্ষরোপনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সূত্রস্থ স্মারকে পানি সম্পদ মন্ত্রণালয় হতে বৃক্ষরোপন কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে গাছ রোপনের পরিকল্পনা প্রণয়ন ও রোপিত গাছের সঠিক পরিচর্যার জন্য ০৮ (আট)টি সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সূত্রস্থ ১নং স্মারকে চারার সংখ্যা বৃদ্ধি করতঃ বনায়ন কার্যক্রমের বিস্তারিত কর্মপরিকল্পনা অত্র দপ্তরে প্রেরণের অনুরোধ করা হলেও এ বিষয়ে কর্মপরিকল্পনা প্রেরণ করা হয়নি। উল্লেখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের ২০.০০ লক্ষ বৃক্ষরোপনের নির্দেশনার আলোকে আপনার জোনের আওতাধীন দপ্তরসমূহের বৃক্ষরোপনের কর্মপরিকল্পনা জরুরীভিত্তিতে আগামী ৩০.০৬.২০২২খ্রিঃ এর মধ্যে অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, বৃক্ষরোপনের কর্মপরিকল্পনা বাপাউবো হতে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মন্ত্রণালয় হতে বারবার তাগাদা প্রদান করা হচ্ছে।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় নির্দেশক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

<u>বিষয়টি অতীব জরুরী।</u>

২৯-৬-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

বিতরণ :

১) প্রধান প্রকৌশলী, বাপাউবো, রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট

২) প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৪) প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়নগঞ্জ।

৫) প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, খুলনা।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১২৮/১(৬)

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯
২৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।

৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৬) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২৯-৬-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)